# উপজেলা পরিষদ কার্যালয়

## আটপাড়া, নেত্রকোণা

### উপজেলা পরিষদের জুলাই ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রুয়েল সাংমা, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ২২.০৭.২০২৫ খ্রিঃ, বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হল রুম। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |
| সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: | | পরিশিষ্ট-গ |

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td><u>উপজেলা স্বাস্থ্য বিভাগঃ</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এ্যাম্বুলেন্স সার্ভিস চলমান আছে। ডেঙ্গু রোগী শনাক্তকরণের জন্য প্রয়োজনীয় কিট সরবরাহসহ পর্যাপ্ত ঔষুদ সরবরাহ রয়েছে।<br>কোভিড-১৯ সংক্রমন প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন।</td><td>ক) রোগীদের সেবার মান বাড়াতে এবং সেবা প্রার্থীদের ভোগান্তি কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>গ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে শিশুদের টিকা প্রদানের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, আটপাড়া।</td></tr>
<tr><td>২.</td><td><u>উপজেলা কৃষি বিভাগঃ</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>(ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কৃষকদের পুষ্টির চাহিদা মিটানোর জন্য বাড়ি বাড়ি উঠানে সবজি চাষে উদ্বুদ্ধ করতে হবে।<br>(ঘ) প্রত্যেক মাসে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করে সভায় অবহিত করতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>৩.</td><td><u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থ বছরে পশুর ভ্যাক্সিনের যথেষ্ট যোগান রয়েছে। তার দপ্তরের সকল কাজ- চিকিৎসা, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং, কৃত্রিম প্রজনন, ঘাস চাষসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া হাঁসমুরগি, কবুতরের পক্স, রানীক্ষেত্র ভ্যাক্সিনের সরবরাহ পর্যাপ্ত আছে। রোগ ব্যাধি নিয়ন্ত্রণে সব ধরণের পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্ষাকালে ঘাস চাষের জন্য উপযুক্ত সময়। অত্র অফিস হতে নেপিয়ার ঘাসের কাটিং সংগ্রহের সুযোগ রয়েছে।</td><td>(ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>৪.</td><td><u>উপজেলা মৎস্য বিভাগঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ উপলক্ষে ২৩ জুলাই উদ্বোধনী অনুষ্ঠান করা হবে। উদ্বোধন শেষে উপজেলা পরিষদ পুকুরে পোনা ছাড়া হবে<br>তিনি আরো জানান, সুমাইখালি বিলে এডিবি অর্থায়নে মৎস্য অভায়শ্রম স্থাপন করা হয়েছে।</td><td>(ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) নিষিদ্ধ কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে সভায় অবহিত করতে হবে</td><td>উপজেলা মৎস্য অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>৫.</td><td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। জন্ম নিবন্ধন ও গর্ববতী তালিকা নিয়মিতভাবে আপডেট করা হচ্ছে। গর্ভবতী সেবা, প্রসব সেবা, কিশোর কিশোরী সেবা, কাউন্সিলিং সেবা, ও প্রসবের সেবা চলমান আছে। জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী চলতি মাসের শেষের দিকে শুরু হবে। আগামী আগস্ট/২০২৫ মাসে দীর্ঘমেয়াদী ইমপ্ল্যান্ট ক্যাম্প স্থাপন করা হবে।</td><td>(ক) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রম সভায় অবহিত করতে হবে।<br>(খ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গর্ভবতী মায়ের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,</td></tr>
<tr><td>৬.</td><td><u>উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলীর জানান যে, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও জানান ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলার পরিষদ উন্নয়ন তহবিলের বরাদ্দ দ্বারা গৃহীত নিম্নলিখিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য গত ২২/০৭/২০২৫ খ্রি. তারিখের উপজেলা প্রকল্প বাচাই কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের জন্য অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিতভাবে প্রকল্পসমূহ অনুমোদিত হয়।
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>উপজেলা শিশু পার্কের "I Love Attpara" নাম ফলক নির্মাণ</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>উপজেলা শিশু পার্কের মূল ফটকের এপ্রোচ সড়ক সিসি রাস্তা নির্মাণ</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>সেগুর বাজার ওয়াশরুম মেরামত</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>উপজেলা প্রশাসন শিশুপার্কের দোকান নির্মাণ</td><td>৫,১০,০০০/-</td><td>আরএফকিউ</td></tr>
<tr><td>উপজেলা প্রশাসন শিশু পার্কের অবশিষ্ট বাউন্ডারী নির্মাণ</td><td>১০,০০,০০০/-</td><td>আরএফকিউ</td></tr>
<tr><td>উপজেলা প্রশাসন শিশু পার্কের ঘাটলার শেড, মেরীগো রাউন্ড এর শেড, ট্রেইন লাইনের ফ্লোর, স্লিপার ও দোলনা ক্লপ আমব্রেলা নির্মাণ</td><td>৮,০০,০০০/-</td><td>আরএফকিউ</td></tr>
<tr><td>উপজেলা প্রশাসন শিশু পার্কের ভিতরের অভ্যন্তরীণ ওয়াকওয়ে, ড্রেনেজ লাইন, বসার বেঞ্চ নির্মাণ</td><td>৯,০০,০০০/-</td><td>আরএফকিউ</td></tr>
</table></td><td>ক) ২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলার পরিষদ উন্নয়ন তহবিলের বরাদ্দ দ্বারা গৃহীত বাম পার্শ্বে বর্ণিত প্রকল্পসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, আটপাড়া<br>ও<br>সংশ্লিষ্ট সকল</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় করা হয়েছে ২১৫০/- অডিট ফি বাবদ ৯১০/- এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪২৩ আদায় করা হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া |
| ১৮. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, ২২.০৭.২০২৫ তারিখের সমন্বয় সভায় VWB এর কোন ছাড়পত্র পাওয়া যায়নি। খাদ্য বান্ধব কর্মসূচির নতুন ভোক্তাদের তালিকা পাওয়া যায়নি। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | খাদ্য বান্ধব কর্মসূচির নতুন ভোক্তাদের তালিকা প্রস্তুত করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটপাড়া |
| ১৯. | উপজেলা পরিসংখ্যান অফিসঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জুলাই/২৫ মাসে বাংলাদেশ ব্যুরোর আওতায় অত্র উপজেলায় ২ টি এলাকায় জাতীয় ঐক্যমত্য কমিশন জরিপ কাজ পরিচালনা করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসের সকল কার্যক্রম সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আটপাড়া |
| ২০. | উপজেলা জাইকা প্রকল্পঃ সভার সভাপতি জানান যে, উপজেলা জাইকা প্রকল্পের ইউডিএফ অনুপস্থিত থাকায় সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল) ও সংশ্লিষ্ট সকল |
| ২১. | প্রশাসক, উপজেলা পরিষদঃ জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে আইন ও বিধি মোতাবেক দায়িত্ব ও কর্তব্য পালন করার অনুরোধ জানান। | উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), আটপাড়া। |

**বিবিধ আলোচনাঃ**

২১. উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদে অবস্থিত বাসাবাড়িতে অবস্থানরত অনেক কর্মকর্তা কর্মচারীগণ যথাযথভাবে ভাড়া কর্তন করেন না এমনকি বিদ্যুৎ বিল পরিশোধ করেনা। জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ বাসাবাড়ি বরাদ্ধ কমিটির সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২২. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র নং | ব্যয়ের খাত | | | টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১. | ১৪৩২ বাংলা সনের বুজের বাজার ফেরীঘাট ইজারার পুনঃবিজ্ঞপ্তি ২৫.০৩.২০২৫ খ্রি. তারিখ 'দৈনিক আমার বার্তা' পত্রিকায় প্রকাশের বিল | বিল<br>৩৬,০০০/- | ভ্যাট<br>৫,৪০০/- | ৪১,৪০০/- |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রুয়েল সাংমা)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫.৭২০/(৩০)

তারিখঃ ২২.০৭.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা......................................কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
২. প্রশাসক (সকল)..............................ইউপি, আটপাড়া, নেত্রকোণা
৩. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. প্রশাসক, উপজেল পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা | ১. প্রশাসক, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ২. প্রশাসক, শুনই ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৩. প্রশাসক, লুনেশ্বর ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণ। | ৪. প্রশাসক, বানিয়াজান ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৫. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৫. প্রশাসক, তেলিগাতী ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৬. প্রশাসক, দুওজ ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৭. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৭. প্রশাসক, সুখারী ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৮. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ৯. উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা | |
| ১০. উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১২. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| ১. উপজেলা কৃষি অফিসার, আটপাড়া, নেত্রকোণা। | |

কর্মকর্তা/জনপ্রতিনিধি ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
| --- | --- |
| | |

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা